

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ৪, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

পরিকল্পনা শাখা-৩

প্রজ্ঞাপন

তারিখ : ১৮ অগ্রহায়ণ ১৪২১ বঙ্গাব্দ/২ ডিসেম্বর ২০১৪ খ্রিস্টাব্দ

নং গৃগম/পরি-৩/রাজউক-০৯/২০১০ (অংশ-২)/২৬৮—Town Improvement Act, 1953 (EB Act XIII of 1953), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 73 এ প্রদত্ত ক্ষমতাবলে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) এর এখতিয়ারাধীন ১৫২৮ বর্গকিলোমিটার (৫৯০ বর্গমাইল) এলাকায় ডিটেইল্ড এরিয়া প্ল্যান (DAP) প্রণয়নের কাজ সম্পন্ন করা হয়, যা মন্ত্রিসভার অনুমোদনক্রমে এসআরও নং ২৩২-আইন/২০১০, তারিখ ২২ জুন, ২০১০ মূলে সরকার কর্তৃক গেজেট প্রজ্ঞাপন হিসেবে প্রকাশিত হয় ;

অতঃপর মন্ত্রিপরিষদ বিভাগের গেজেট প্রজ্ঞাপন নং ০৪.৬১১.০০৬.০০.০০.০১০.২০১০-১১৯, তারিখ ২৮ জুন ২০১০ এর মাধ্যমে রাজউক কর্তৃক প্রণীত ডিটেইল্ড এরিয়া প্ল্যান (ড্যাপ) আরও বিশদভাবে পর্যালোচনাক্রমে চূড়ান্তকরণের নিমিত্ত মন্ত্রিসভা কমিটি গঠন করা হয় এবং মন্ত্রিপরিষদ বিভাগের গেজেট প্রজ্ঞাপন নং ০৪.৬১১.০০৬.০০.০০.০১০.২০১০-৬৪, তারিখ ০১ এপ্রিল ২০১৪ এর মাধ্যমে উক্ত মন্ত্রিসভা কমিটি পুনর্গঠন করা হয় ;

পুনর্গঠিত মন্ত্রিসভা কমিটির গত ২৫ আগস্ট ২০১৪ তারিখে অনুষ্ঠিত ৫ম সভায় ঢাকা জেলার ক্যান্টনমেন্ট থানার কাফরুল মৌজার আর এস দাগ নং ৪৪৪৩, ৪২১৭, ৪১২৭, ৮২১১, ৪২১০, ৪২১৪, ৪২১২, ৪২১৩, ৪১৫৮, ৪১৫৪, ৪১৫৩, ৪১৫২, ৪২১০, ৪১৪০, ৪১২৭, ৪১৪৮, ৪১৪১, ৪১৪০, ৪১৩৫, ৪১৩৬, ৪১৩৭, ৪১২৪, ৪১১০, ৪১০৯, ৪১০৮, ৪১০৬, ৪১০৭ এ অবস্থিত জমির ভূমি ব্যবহারের ক্ষেত্রে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়েছে, যা এতদ্বারা প্রকাশ করা হলো :

(১৯৮৭৭)

মূল্য : টাকা ৪.০০

- (১) তেজগাঁও পুরাতন বিমানবন্দর এলাকার আওতাভির্ভূত উল্লিখিত আরএস দাগ ও অন্যান্য দাগের ব্যক্তি মালিকানাধীন জমির ভূমি ব্যবহার ইনস্টিটিউশনাল জোন হতে আরবান রেসিডেন্সিয়াল জোন এ পরিবর্তনের আবেদনটি উক্ত এলাকার ড্যাপে চিহ্নিত Water Retention Area (ইব্রাহিমপুর খাল), Water Body ও Proposed Road Network হিসেবে চিহ্নিত জায়গা অপরিবর্তিত রাখার শর্তে অনুমোদন করা হলো।
- (২) ড্যাপে প্রস্তাবিত ৬০ ফুট চওড়া রাস্তার পরিবর্তে সেনপাড়া পর্বতা জোনাল প্লানে চিহ্নিত ও আংশিক বাস্তবায়িত ৬০ ফুট প্রশস্ত রাস্তার এলাইনমেন্ট অনুসরণ ও বাস্তবায়নের বিষয়ে অনুমোদন প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ গোলাম মোছাদ্দেক
সিনিয়র সহকারী প্রধান।

বিশেষ দৃষ্টব্য :

ডিটেইল্ড এরিয়া প্ল্যান (ড্যাপ) এ চিহ্নিত উল্লিখিত ভূমির তফসিল ও নকশা রাজউক এর পরিকল্পনা শাখায় সংরক্ষিত আছে।